

## REGIONAL NEWS

### UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date:28-04-2024**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

#### **PRESS MEET-R.O East Tripura :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ গতকাল আমবাসায় এক সাংবাদিক সম্মেলনে জানান, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ইভিএমের মাধ্যমে ভোট পড়েছে ৮০ দশমিক তিন পাঁচ শতাংশ। তিনি জানান, ভোট গ্রহণের পর ১৮টি স্থানে ৩০টি স্ট্রং রুমে ইভিএমগুলি সুরক্ষিত রাখা হয়েছে। পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের স্ক্রুটিনির কাজ শেষ হয়েছে। ভোট গণনার দিন বিধানসভাভিত্তিক গণনা হবে।

\*\*\*\*\*

#### **Strong Room-South :**

দক্ষিণ জেলার জেলা নির্বাচনী আধিকারিক জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল জানিয়েছেন, পূর্ব ত্রিপুরা আসনের অন্তর্গত দক্ষিণ জেলার বিলোনিয়া গার্লস, শান্তিরবাজার মহকুমা শাসকের অফিস ও সাব্রুম মহকুমা শাসকের অফিসের তিনটি স্ট্রং রুম সীল করার কাজ গতকাল শেষ হয়েছে। আজ থেকে রুটিন মাসিক জেলার তিনটি জায়গায় সাতটি স্ট্রং রুম পরিদর্শনের কাজ শুরু হবে বলেও জানান তিনি।

\*\*\*\*\*

**Press Meet-SP North :**

উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী গতকাল জানান, গোটা জেলায় পূর্ব ত্রিপুরা লোকসভা নির্বাচনের ভোট গ্রহণ পর্ব শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। ভোট গ্রহণ ঘিরে কোথাও কোন প্রকার অপ্ৰীতিকর ঘটনার খবর নেই।

\*\*\*\*\*

**BJP Yubo Morcha :**

ভারতীয় জনতা যুব মোর্চা ত্রিপুরা প্রদেশের উদ্যোগে আজ থেকে চৌঠা মে পর্যন্ত বৃক্ষরোপন কর্মসূচির আয়োজন করা হয়েছে। প্রতিটি বিধানসভা কেন্দ্র, মন্ডল ও বুথগুলিতে এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী তথা প্রবীন বিজেপি নেতা নরেন্দ্র মোদী বলেছেন, গত ১০ বছরে এনডিএ সরকার দেশের বেশ কিছু সমস্যার স্থায়ী সমাধান করেছেন। মহারাষ্ট্রের কোলাপুরের এক জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই সরকার মহিলা ও যুবকদের সবক্ষেত্রে অগ্রাধিকার দিয়েছে। যুবকদের কর্মসংস্থানের প্রসঙ্গ টেনে তিনি আত্মনির্ভর ভারত এবং স্টার্টআপ ইন্ডিয়া চালু করার বিষয়টি উল্লেখ করেন।

**Amit Shah :**

বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ আস্থা প্রকাশ করেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পরিচালনায় ভারত বিশ্বের শীর্ষ তিনটি অর্থনীতির মধ্যে স্থান করে নেবে। গুজরাটের পোরবন্দরে একটি জনসভায় গতকাল ভাষণ দেওয়ার সময়, শ্রী শাহ ৩৭০ ধারা বাতিল, রাম মন্দির নির্মাণ, সন্ত্রাসবাদ ও নকশালবাদের হুমকির সফল মোকাবেলা এবং শান্তি ফিরিয়ে আনার মতো ঐতিহাসিক সিদ্ধান্তের জন্য প্রধানমন্ত্রী শ্রী মোদীকে কৃতিত্ব দেন। শ্রী শাহ কংগ্রেস দলের বিরুদ্ধে মেরুকরণ নীতি এবং ভোটব্যাক্সের রাজনীতির অভিযোগ এনে সমালোচনা করেন।

কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী ভাদ্রা গতকাল ভালসাদ জেলার ধরমপুরে একটি সমাবেশে বক্তৃত্তায় গত ১০ বছরে দরিদ্র ও উপজাতিদের প্রতি বিজেপি সরকারের অবহেলার অভিযোগ এনে সমালোচনা করেন। তিনি বলেন, কংগ্রেস দল ক্ষমতায় এলে, আদিবাসীদের জন্য বিশেষ বাজেট বরাদ্দ করবে এবং কৃষক ও দরিদ্রদের কল্যাণে কাজ করবে।

\*\*\*\*\*

### **Heatwave :**

ভারতের আবহাওয়া বিভাগ জানিয়েছে, আজ থেকে ত্রিপুরা, কেরালা, মাহে, উপকূলীয় কর্ণাটক, তামিলনাড়ু, পুদুচেরি, কারাইকাল, আসাম, মেঘালয়, কোঙ্কন এবং গোয়ার উপর তাপপ্রবাহের সঙ্গে ঝড় বৃষ্টির প্রবল সম্ভাবনা রয়েছে।

এদিকে, আগামী কয়েক দিনের জন্য ওড়িশ্যা এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গে তীব্র তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া বিভাগ। জানানো হয়েছে, বিহার, ঝাড়খণ্ড, তেলেঙ্গানা,

রায়ালসিমা, অভ্যন্তরীণ কর্ণাটক, তামিলনাড়ু, পূর্ব উত্তর প্রদেশ, কেরালা, মাহে, কোঙ্কন, পশ্চিম উত্তরপ্রদেশ, উপকূলীয় অন্ধ্রপ্রদেশ এবং ইয়ানাংয়ের উপর এ মাসের ৩০ তারিখ পর্যন্ত তাপপ্রবাহ থাকবে। একই সময়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, ওড়িশা এবং উপ-হিমালয় পশ্চিমবঙ্গের বিচ্ছিন্ন অঞ্চলে তীব্র তাপপ্রবাহ বিরাজ করবে।

\*\*\*\*\*

### **Sportsmen's reception :**

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের এক অনুষ্ঠানে গতকাল রাজ্যের বর্ষসেরা ও উদীয়মান খেলোয়াড়দের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। আগরতলা প্রেস ক্লাবে এই সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে প্রদীপ প্রজ্বলন করে উদ্বোধনের পর ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এই ধরনের উৎসাহ বর্ধক আয়োজনের জন্য উদ্যোক্তা ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবকে ধন্যবাদ জানান। পরে তিনি রাজ্যের প্রথম অর্জুন মন্টু দেবনাথের হাতে লাইফ টাইম এচিভমেন্ট পুরস্কার তুলে দেন। এছাড়া উদ্যোক্তা ক্লাবের পক্ষে তিনি একে একে জিমন্যাস্ট শ্রীপর্ণা দেবনাথ, ফুটবলার জন জমাতিয়া, ক্রিকেটার এঞ্জেল পাল, দাবা খেলোয়াড় অর্শিয়া দাস ও আরাধ্যা দাস, প্যারা সুইমার সমীর বর্মণ ও বিনিত রায় এবং যোগাসন খেলোয়াড় দেবার্পন কুন্ডু ও পায়েল দাসের হাতে পুষ্প স্তবক, উত্তরীয় ও স্মারক তুলে দেন।

\*\*\*\*\*

### **Cricket :**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হবে। এতে এম বি বি স্টেডিয়ামে স্ফুলিঙ্গ ক্লাব খেলবে বনমালিপুৰ ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। অপর ম্যাচে নরসিংগড়ের পি টি এ মাঠে সংহতি ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। গতকাল অনুষ্ঠিত তিনটি খেলায় জয় ছিনিয়ে ব্লাডমাউথ ক্লাব, হার্ভে ক্লাব ও ইউনাইটেড ফ্রেন্ডস কোয়ার্টার ফাইনালে উঠেছে।

\*\*\*\*\*

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। রাজ্যে উষ্ণতাপ প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ অব্যাহত রয়েছে।

\*\*\*\*\*